

গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপ-প্রধান বন সংরক্ষকের কার্যালয়
সামাজিক বন উইং
বন ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭।

পত্র নং: ২২.০১.০০০০.০০৪.০৪.০১৫.২০১৮০৩.৪০.১২৩.২০২১.

তারিখঃ ১৭-১১-২০২১ খ্রিঃ।

প্রাপকঃ প্রধান বন সংরক্ষক
বন অধিদপ্তর,
বাংলাদেশ।

(দৃষ্টি আকর্ষণঃ উপ-বন সংরক্ষক, রিমস্ ইউনিট, বন ভবন, আগারগাঁও, ঢাকাকে ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

বিষয়ঃ সামাজিক বনায়নের হালনাগাদ তথ্যাদি।

সম্মান সহকারে উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সামাজিক বনায়নের হালনাগাদ তথ্যাদি আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতৎসঙ্গে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

▶	সামাজিক বনায়নের আওতায় ১৯৮১-১৯৮২ হতে ২০২০-২০২১ অর্থবছর পর্যন্ত মোট ১ লক্ষ ২ হাজার ৩৩৯.২৮ হেক্টর ব্লক/উডলট এবং ৭৬ হাজার ৬৫২.৭৬ কিলোমিটার স্ট্রীপ বাগান সৃজন করা হয়েছে।
▶	সৃজিত বাগানে ৭ লক্ষ ২৬ হাজার ৬৫৪ জন উপকারভোগী সম্পৃক্ত করা হয়েছে। তন্মধ্যে মহিলা উপকারভোগীর সংখ্যা ১ লক্ষ ৪০ হাজার ৮৬৫ জন।
▶	সামাজিক বনায়নের মাধ্যমে সৃজিত বাগান সমূহ হতে মোট ৪৮ হাজার ২৯৭ হেক্টর ব্লক/উডলট এবং ২১ হাজার ৫৫৭ কিলোমিটার স্ট্রীপ বাগান কর্তন করা হয়েছে। যার বিক্রয় মূল্য মোট ১৪৬৫ কোটি ৯৭ লক্ষ ৫২ হাজার ১৫৭ টাকা মাত্র।
▶	এযাবৎ ২ লক্ষ ২২ হাজার ৯৯৪ জন উপকারভোগীর মাঝে মোট ৪১১ কোটি ৫২ লক্ষ ৬৭ হাজার ৯০১ টাকা মাত্র বিতরণ করা হয়েছে।
▶	২০২০-২১ অর্থ বছর পর্যন্ত পুনঃবনায়ন কার্য সম্পাদনের নিমিত্ত বৃক্ষরোপণ তহবিলে (টিএফএফ) মোট ১১৩ কোটি ১৪ লক্ষ ৮০ হাজার ৭৯৯ টাকা জমা করা হয়েছে।
▶	এযাবৎ সামাজিক বনায়নের মাধ্যমে সরকারের অর্জিত রাজস্ব আয়ের পরিমাণ মোট ৫৪০ কোটি ১৮ লক্ষ ৯৭ হাজার ৯৩৮ টাকা মাত্র।
▶	ভূমি মালিক ও ইউনিয়ন পরিষদসহ অন্যান্য অংশীজনের মধ্যে বিতরণকৃত টাকার পরিমাণ মোট ২১৯ কোটি ২৬ লক্ষ ৩৩ হাজার ২৪৮ টাকা মাত্র।

ইহা মহোদয়ের সদয় অবগতি ও কার্যার্থে প্রেরিত হলো।

(মোল্লা মোহাম্মদ মিজানুর রহমান)
সহকারী প্রধান বন সংরক্ষক
সামাজিক বন ও সম্প্রসারণ
বন ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭।